যুক্তরাষ্ট্রের সঙ্গে আপস নয়, লড়াই চালিয়ে যাওয়ার ঘোষণা ইরানের



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে দীর্ঘস্থায়ী যুদ্ধ বা টানা আলোচনা কোনোটিই চায় না ইরান। তবে ওয়াশিংটন তেহরানের দাবি মেনে না নেওয়া পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন দেশটির পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ।

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ফার্সের বরাতে আল জাজিরা জানিয়েছে, গালিবাফ বলেন, যুদ্ধক্ষেত্রে অর্জিত সাফল্য রাজনৈতিকভাবেও ধরে রাখতে হবে। তিনি বলেন, ‘এর অর্থ অন্তহীন যুদ্ধ বা দীর্ঘ আলোচনা নয়। শত্রুকে ক্লান্ত করে আমাদের দাবি মেনে নিতে বাধ্য করতেই আমরা লড়াই করি।’

এদিকে হরমুজ প্রণালীর কাছে দুটি জাহাজ ডুবে গেছে। এর একটি জাহাজে প্রজেক্টাইল বা ক্ষেপণাস্ত্রসদৃশ বস্তু আঘাত হানে। অন্যটি সমুদ্রের মাইনে আঘাত পেয়ে ডুবে যায় বলে জানা গেছে। ওই অঞ্চলে হামলার কারণে জাহাজ চলাচল কমে এসেছে। এতে গুরুত্বপূর্ণ এই নৌপথের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে।

অন্যদিকে, ইরানের বিরুদ্ধে যুদ্ধ খুব শিগগির শেষ হবে বলে আবারও মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেন, হরমুজ প্রণালীর ওপর যুক্তরাষ্ট্রের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে। ইরানের নৌবাহিনী, বিমানবাহিনী, রাডার ব্যবস্থা ও আকাশ প্রতিরক্ষাব্যবস্থাও ধ্বংস হয়ে গেছে বলে মন্তব্য করেন তিনি।